



বাজারে আসা নতুন কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

অ্যাপ ডেভেলপারেরা ব্যবহারকারীদেরকে ভালো অভিজ্ঞতা দেয়ার জন্য প্রতিদিনই তাদের অ্যাপগুলোর উন্নয়ন করতে বা নতুন নতুন সুবিধা যোগ করতে চেষ্টা করেন। এর বাইরে প্রতিদিন নতুন নতুন অ্যাপ বাজারে আসছে। তাই এসবের মধ্য থেকে সবচেয়ে ভালোগুলো বেছে নেয়া খুবই কঠিন। ভালো অ্যাপের সন্ধানে বিরক্ত এসে গেলে দেখে নিতে পারেন সেরা কিছু অ্যাপের এই তালিকা।

অ্যামাজন চাইম



অ্যামাজনের
সাম্প্রতিকতম
অ্যাপ হলো
অ্যামাজন
চাইম। এই

অ্যাপটি অনেকটা ক্ষাইপে বা স্লেকের মতো। এটি একটি কনফারেন্স অ্যাপ, যার সাহায্যে চ্যাট বা মিটিং করার সাথে সাথে ফাইল পাঠানোর সুবিধাও রয়েছে। অ্যাপটি এখনও প্রাথমিক পর্যায়ে আছে। তাই ইন্টারফেস নিয়ে কাজ করতে হবে। বেটা ভাসন হওয়ার কারণে এর গতিও বেশ ধীর। তবে সময়ের সাথে সাথে এই অ্যাপ দারুণ কিছু হবে—এ কথা এখনই বলে দেয়া যায়। অ্যামাজনের এই ফ্রি অ্যাপটি আপনি ব্যবহার করে দেখতে পারেন। বড় সংগঠন ও ব্যবসায়ের ক্ষেত্রে অতিরিক্ত কিছু ফিচার ব্যবহার করতে চাইলে টাকা খরচ করতে হবে।

ক্যামেরাডা



ফ্রি ভিত্তিও
রেকর্ডের জন্য এই
অ্যাপ। তিনটি

আলাদা মোডের ফিচার আছে এই অ্যাপে। প্রথমটি হচ্ছে সিসেল ইউজার মোড, যাতে আপনি টুডি ভিত্তিও ধারণ করবেন এবং পরে সে ভিত্তিওকে রেভার করে ভার্চুয়াল রিয়েলিটিতে রূপান্তর

করা হবে। পরের মোডে আপনি দুটি আলাদা স্মার্টফোন ব্যবহার করতে পারবেন, যেগুলো একে অন্যের সাথে সংযুক্ত থাকবে এবং এদের সাহায্যে স্টেরিও ও ভিডিও স্যুট করা যাবে। দুর্ভাগ্যজনকভাবে ৩ নম্বর মোডের ফিচারটি নিয়ে এখনও কাজ চলছে। অচিরেই সেটা মুক্তি পাবে বলে ডেভেলপারের জানিয়েছেন। ৩ নম্বর মোডে তিন বা তারও বেশি স্মার্টফোন ব্যবহারের সুবিধা থাকবে, যার সাহায্যে প্যানোরামিক ও ৩৬০ ডিগ্রি ভিডিও ধারণ করা যাবে। যেহেতু অ্যাপটি ফ্রি, তাই একবার যাচাই করে দেখা যেতেই পারে।



কোরে
গেমারদের
কথা মাথায় রেখে
বানানো হয়েছে এই
স্ট্রিমিং অ্যাপটি। বিভিন্ন সেবা
থেকে এর সাহায্যে লাইভ গেম
স্ট্রিমিং করা যাবে। এটি দিয়ে
নতুন গেম খুঁজে নেয়া যাবে,
পছন্দের খেলোয়াড়দের অনুসরণ
করাসহ অনেক কিছু করা যাবে
এই অ্যাপ দিয়েই। তবে এটি সব
লাইভ স্ট্রিমিং প্ল্যাটফর্মকে সাপোর্ট
করে না। এর ইন্টারফেসটি
ঠিকঠাক কাজ করে। গেম লাইভ
স্ট্রিমিং করার পাশাপাশি এটি
একদিকে নিউজ প্রদর্শন করে

থাকে।



**ই-মেইল বাই
ইজিলিডু**

খুব সাধারণ
একটি ই-মেইল অ্যাপ হচ্ছে ই-
মেইল বাই ইজিলিডু। এটি
অনেকগুলো অ্যাকাউন্ট সাপোর্ট
করে। যেমন- জি-মেইল,
আইকাউন্ট, হট-মেইল,
আউটলুক, আউল ও আইম্যাপ
অ্যাকাউন্ট। এর ইন্টারফেসটি
সাধারণ। এর মেসেব ফিচার
আছে, সেগুলোর মধ্যে অন্যতম
হচ্ছে ইউনিফাইড ইন বুল,

বিল্টইন সার্চ, অটো সর্টিং
ইত্যাদি। এর সবচেয়ে
উল্লেখযোগ্য ফিচারটি হচ্ছে আন
সাবক্রাইব, যার সাহায্যে জাঙ্ক
মেইলের সন্তোষ থেকে মুক্তি
পাওয়া যাবে। এটি এখনও বেটা
ভার্সনে থাকার কারণে কিছু বাগ
পাওয়া যেতে পারে, তবে সেগুলো
শিগগিরই
সমাধান হয়ে
যাবে বলে আশা
করা যায়।

ফেস অ্যাপ

কিছু ইউনিভিল ফিল্টারের
সমন্বয়ে বানানো হয়েছে ফেস
অ্যাপটি। সেলফি তোলার পর সে
ইমেজকে ইচ্ছে মতো পরিবর্তন
করে নিতে পারেন। যেমন-
ছবিতে হাসি যোগ করতে পারেন,
বয়স্ক বা কম বয়স্ক দেখাতে
পারেন, এমনকি ছবির লিঙ্গ
পরিবর্তন করতে পারবেন।
কয়েকটি মাত্র ফিল্টার ব্যবহার
করে যোগ দিতে পারেন
কোলাজের অ্যাডভেঞ্চারে।
বিনোদনমূলক এই অ্যাপ
নিঃসন্দেহে সবাইকে খুশি করতে
পারবে না। তবে মজা করতে
চাইলে ব্যবহার করে দেখতে
পারেন ফেস
অ্যাপ।

এফবিএ ওয়ান্টেড

নাম দেখেই বোবা যাচ্ছে এই
অ্যাপের সাথে আমেরিকান
গোয়েন্দা সংস্কার সংযোগ আছে।
ঠিক তাই এই অ্যাপের সাহায্যে
এফবিআইয়ের মোস্ট ওয়ান্টেড
লোকদের তালিকায় চোখ বুলিয়ে
নিতে পারেন। এই তালিকায়
আছে কুখ্যাত সব অপরাধীর
নাম। মূলত এই অ্যাপে পাওয়া
যাবে ওয়ান্টেড মিসিং, ওয়ান্টেড
সন্ত্রাসী এবং মেসেব অপরাধের
কোনো সমাধান হয়নি তার
তালিকা। আমেরিকান নাগরিকেরা
এই অ্যাপে কোনো পরামর্শ দিতে
চাইলে ফোন করতে পারেন। এই
অ্যাপে তালিকা পড়ার সাথে কিছু

অতিরিক্ত কাজও করা যাবে। এই
অ্যাপের একটি সমস্যা হচ্ছে এটি
পুঁজপুঁজি ওয়েবসাইটে রিডাইরেন্ট
করে। এটি ছাড়া
অন্য সব কিছু
ভালোভাবেই কাজ
করে।

ইঙ্ক কিট

এই ই-রিডার অ্যাপে পড়ার
জন্য প্রচুর কনটেন্ট পাওয়া যাবে।
এখনে আছে প্রচুর বইয়ের
পাশাপাশি অন্য সব কনটেন্ট,
যেগুলোর লেখক ফ্রি পড়তে দিতে
আপত্তি করেন না। পছন্দের
কোনো কিছু পেয়ে গেলে সে বই
ডাউনলোড করে অ্যাপের মাধ্যমে
পড়া শুরু করে দিতে পারেন।
অ্যাপে আছে পেজের রঙ ঠিক
করা এবং নাইট মোডে যাওয়ার
ফিচার। সহজে পড়ার জন্য অটো
ক্রিলিং ফিচারও আছে এই অ্যাপে।
এটি বিস্তারিতভাবে বানানো

কোনো ই-রিডার
অ্যাপ নয়, তবে
এতে আছে প্রচুর
ফ্রি কনটেন্ট।

লেগো

লেগো লাইক হচ্ছে লেগো
নিয়ে আগ্রহীদের জন্য কমিউনিটি
অ্যাপ্লিকেশন। অ্যাপটির উদ্দেশ্য
হচ্ছে আপনার সৃজনশীলতা
প্রদর্শনের সাথে সাথে অন্যদের
সৃজনশীলতা দেখা এবং লেগোর
ফ্যানদের সাথে সংযুক্ত থাকা।
বিভিন্ন গেম ও প্রপার্টিজের ওপর
অ্যাপটিতে আছে নানা ধরনের
চ্যালেঞ্জের সাথে সাথে ক্যাইজ।
অ্যাপে থাকা ভিডিও কনটেন্ট
দেখা যাবে। পাঁচ বছরের শিশুরাও
অ্যাপটি ব্যবহার করতে পারবে,
তবে কোম্পানি আর একটু বেশি
বয়সী শিশুদের জন্য অ্যাপটি
মনোনীত করতে পরামর্শ দিয়ে
থাকে কেন।

কার্কুকাজ বিভাগে লিখুন
কার্কুকাজ বিভাগের জন্য
প্রোগ্রাম ও সফটওয়্যার
টিপস বা টুকিটাকি লিখে
পাঠান। লেখা এক
কলামের মধ্যে হলে ভালো
হয়। সফট কপিসহ
প্রোগ্রামের সোর্স কোডের
হার্ড কপি প্রতি মাসের ২০
তারিখের মধ্যে পাঠাতে
হবে।